বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা

১৬তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (মূল পর্যায়) ২০১৯

■ পরীক্ষার তারিখ : ৩০.০৮.২০১৯
■ সময় : ১ ঘণ্টা ■ পূর্ণমান : ১০০
■ সেট নম্বর : ০১

[প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. বাংলা সাহিত্যে চলিত রীতির প্রবর্তক কে?
ক প্রমথ চৌধুরী খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ মোহাম্মদ হোসেন চৌধুরী ঘ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

ব্যাখ্যা বাংলা সাহিত্যে চলিত রীতির প্রবর্তক প্রমথ চৌধুরী। তিনি 'সবুজপত্র' (১৯১৪) সাহিত্য পত্রিকা সম্পাদনার মাধ্যমে চলিত রীতির প্রচলন করেন। চলিত রীতিতে লেখা তার প্রথম গ্রন্থ 'বীরবলের হালখাতা'। বাংলা গদ্যে যতি বা বিরামচিহ্নের প্রচলন করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

২. বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী বর্ণ কয়টি?
ক ৫টি খ ৩টি
গ ৪টি ঘ ১টি

ব্যাখ্যা বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী বর্ণ তিনটি। যথা—ং, ঃ, ঁ।

৩. নিচের কোনটি 'ষত্ব' বিধানের নিয়মে শুদ্ধ?
ক মাষ্টার খ পোশাক
গ ডিলিস ঘ পোষ্ট-মাষ্টার

[Note : ষত্ব বিধানের নিয়মে সবকয়টি বানানই শুদ্ধ।]

৪. 'দ্যুলোক' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক দ্যুঃ + লোক খ দুই + লোক
গ দ্বি + লোক ঘ দিব্ + লোক

ব্যাখ্যা সন্ধির প্রচলিত নিয়ম না মেনে যে সন্ধি হয় তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। দিব + লোক = দ্যুলোক নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জনসন্ধি। আরও কয়েকটি নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জনসন্ধি—এক + দশ = একাদশ, ষট্ + দশ = ষোড়শ, অ + চর্য = আশ্চর্য, গো + পদ = গোষ্পদ, পতৎ + অঞ্জলি = পতঞ্জলি।

৫. সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না— এর উদাহরণ কোনটি?
ক অগ্রনায়ক খ রতন গ আপন ঘ অনুষ্ঠান

ব্যাখ্যা সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না। এরূপ ক্ষেত্রে দন্ত ন হয়। যেমন— অগ্রনায়ক, ত্রিনয়ন, সর্বনাম, দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার, পরনিন্দা।

৬. 'পুকুরে মাছ আছে'—এখানে 'পুকুর' কোন অধিকরণ কারক?
ক বৈষয়িক অধিকরণ খ ভাবাধিকরণ
গ অভিব্যাপক অধিকরণ ঘ ঐকদেশিক অধিকরণ

ব্যাখ্যা বিশাল স্থানের যে কোনো অংশে ক্রিয়া সংঘটিত হলে তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে। যেমন— পুকুরে মাছ আছে; আকাশে চাঁদ উঠেছে। এ দুই বাক্যে 'পুকুরে' ও 'আকাশে' শব্দটি ঐকদেশিক আধারাধিকরণ।

৭. ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে—
ক ধাতু প্রত্যয় খ শব্দ প্রত্যয়
গ কৃৎ প্রত্যয় ঘ তদ্ধিত প্রত্যয়

ব্যাখ্যা ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে কৃৎ প্রত্যয়। যেমন—√চল্ + অন্ত = চলন্ত। কৃৎপ্রত্যয় দুই প্রকার। যথা : বাংলা কৃৎ প্রত্যয় ও সংস্কৃত কৃৎ প্রত্যয়। শব্দের সঙ্গে বা শেষে যেসব প্রত্যয় যোগ হয়ে নতুন শব্দ গঠিত হয় সেগুলোকে বলে তদ্ধিত প্রত্যয়। যেমন—ঢাকা + আই = ঢাকাই।

৮. ভাবে সপ্তমীর উদাহরণ কোনটি?
ক আমাদের সেনারা যুদ্ধে অপরাজেয়
খ একদা প্রভাতে জন্মুর প্রভাতে ফুটিল কমল কলি
গ চন্দ্রোদয়ে কুমুদিনি বিকশিত হয়
ঘ প্রভাতে উঠিল রবি লোহিত বরণ

উত্তর	
১	ক
২	খ
৩	Note
৪	ঘ
৫	ক
৬	ঘ
৭	গ
৮	গ

VIsionapps10

ব্যাখ্যা যদি কোনো ক্রিয়াবাচক বিশেষ্য অন্য ক্রিয়ার কোনোরূপ ভাবের অভিব্যক্তি প্রকাশ করে, তবে তাকে ভাবাধিকরণ বলে। ভাবাধিকরণে সর্বদাই সপ্তমী বিভক্তির প্রয়োগ হয় বলে একে ভাবে সপ্তমী বলা হয়। যেমন—চন্দ্রোদয়ে কুমুদিনি বিকশিত হয়; সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়।

৯. 'সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা'— এক কথায় প্রকাশ করলে কী হয়?
ক প্রত্যুদ্গমন খ অগ্রগামী
গ শুভ পদার্পণ ঘ স্বাগতম

ব্যাখ্যা সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা— প্রত্যুদ্গমন। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ : যা পূর্বে ছিল এখন নেই—ভূতপূর্ব; নষ্ট হওয়াই স্বভাব যার—নশ্বর; যা আঘাত পায়নি— অনাহত; যিনি বক্তৃতা দানে পটু— বাগ্মী।

১০. 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ?
ক বাংলা খ পর্তুগিজ
গ ফারসি ঘ হিন্দি

ব্যাখ্যা 'পেয়ারা' পর্তুগিজ ভাষার শব্দ। পর্তুগিজ ভাষার আরও কয়েকটি শব্দ—আনারস, আলপিন, আলমারি, গির্জা, তোলা, চাবি, পাউরুটি, বালতি।

১১. 'তামার বিষ' বাগধারাটির অর্থ কী?
ক অর্থের কুপ্রভাব খ অপচয়
গ ক্ষণস্থায়ী বস্তু ঘ কৃপণের কড়ি

ব্যাখ্যা নয়ছয় বাগধারার অর্থ অপচয়; তাসের ঘর বাগধারার অর্থ ক্ষণস্থায়ী বস্তু ; যক্ষের ধন বাগধারার অর্থ কৃপণের কড়ি।

১২. 'গুণহীনের ব্যর্থ আস্ফালন'— অর্থটি কোন প্রবাদে ব্যক্ত হয়েছে?
ক কানা ছেলের নাম পদ্মলোচন
খ ঘুঘু দেখেছ ফাঁদ দেখনি
গ অসারের তর্জন-গর্জন সার
ঘ আসলে মুষল নেই, টেঁকি ঘরে চাঁদোয়া

ব্যাখ্যা 'কানা ছেলের নাম পদ্মলোচন'—প্রবাদটির অর্থ অসুন্দরকে বেমানানভাবে সাজালেই সে সুন্দর হয় না। 'ঘুঘু দেখেছ ফাঁদ দেখনি'— প্রবাদটির অর্থ শাস্তির কথা না ভেবে অন্যায় করা। 'আসলে মুষল নেই, টেঁকি ঘরে চাঁদোয়া'—প্রবাদটির অর্থ অপ্রয়োজনীয় বিষয়কে অধিক গুরুত্ব প্রদান।

১৩. বিপরীতার্থে 'পরা' উপসর্গ যুক্ত শব্দ কোনটি?
ক পরাকাষ্ঠা খ পরাক্রান্ত
গ পরায়ণ ঘ পরাভব

ব্যাখ্যা বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা— বাংলা (২১টি), তৎসম বা সংস্কৃত (২০টি) ও বিদেশি উপসর্গ। সংস্কৃত 'পরা' উপসর্গটি পরাভব শব্দে বিপরীত অর্থে ব্যবহৃত হয়েছে। অন্যদিকে পরাকাষ্ঠা, পরাক্রান্ত ও পরায়ণ শব্দে 'পরা' উপসর্গটি আতিশয্য অর্থে ব্যবহৃত হয়েছে।

১৪. 'বীণাপাণি' সমস্ত পদটি কোন সমাস?
ক ব্যধিকরণ বহুব্রীহি খ ব্যতিহার বহুব্রীহি
গ মধ্যপদলোপী বহুব্রীহি ঘ অলুক বহুব্রীহি

ব্যাখ্যা বহুব্রীহি সমাসের পূর্বপদ এবং পরপদ কোনোটিই যদি বিশেষণ না হয়, তবে তাকে বলা হয় ব্যধিকরণ বহুব্রীহি সমাস। যেমন— বীণা পাণিতে যার = বীণাপাণি; আশীতে (দাঁতে) বিষ যার = আশীবিষ ; কথা সর্বস্ব যার = কথাসর্বস্ব।

১৫. বাংলা বর্ণমালার উৎস কী?
ক তিব্বতি লিপি খ ব্রাহ্মী লিপি
গ খরোষ্ঠী লিপি ঘ দেবনাগরি লিপি

ব্যাখ্যা বাংলা বর্ণমালা বা লিপির উৎস ব্রাহ্মী লিপি। শুধু বাংলা নয় সকল ভারতীয় লিপিই ব্রাহ্মী লিপি থেকে এসেছে। এটি ভারতীয়দের মৌলিক লিপি। অষ্টম শতাব্দীতে ব্রাহ্মী লিপি থেকে পশ্চিম লিপি, মধ্যভারতীয় লিপি ও পূর্বী লিপির সৃষ্টি হয়।

১৬. 'খ্রিষ্টান' কোন জাতীয় মিশ্র শব্দ?
ক ইংরেজি + বাংলা খ ইংরেজি + আরবি
গ ইংরেজি + ফারসি ঘ ইংরেজি + তৎসম

ব্যাখ্যা যেসব শব্দ দেশি ও বিদেশি ভাষার সংমিশ্রণে কিংবা দুটি ভাষার দুটি শব্দের মিলনে গঠিত হয়, তাকে মিশ্র শব্দ বলে। যেমন—'খ্রিষ্টাব্দ' (ইংরেজি + তৎসম) দুটি শব্দের সমন্বয়ে গঠিত হয়েছে। এরকম আরও কিছু শব্দ— হেড-পণ্ডিত (ইংরেজি + তৎসম), ডাক্তার-খানা (ইংরেজি + ফারসি), পকেটমার (ইংরেজি + বাংলা) ইত্যাদি। উল্লেখ্য, প্রশ্নে 'খ্রিষ্টান' শব্দের স্থলে খ্রিষ্টাব্দ হবে।

১৭. 'Call it a day'-এর যথার্থ অনুবাদ কোনটি?
ক পুনরায় শুরু করা খ খুবই গুরুত্বপূর্ণ কাজ
গ কাউকে ডেকে আনা ঘ একটি স্মরণীয় দিন

১৮. 'মরি! মরি ! কী সুন্দর প্রভাতের রূপ'—এখানে অনন্বয়ী অব্যয় কিভাবে প্রকাশ পেয়েছে?
ক যন্ত্রণা খ বিরক্তি
গ সম্মতি ঘ উচ্ছাস

ব্যাখ্যা যেসব অব্যয় বাক্যের অন্য পদের সঙ্গে কোনো সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়, তাদের অনন্বয়ী অব্যয় বলে। যেমন— মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ। এখানে উচ্ছাস প্রকাশে অনন্বয়ী অব্যয় ব্যবহৃত হয়েছে।

১৯. সম্বোধন পদের পরে যে চিহ্নটি ব্যবহৃত হয় তার নাম কী?
ক কমা খ দাড়ি
গ কোলন ঘ সেমিকোলন

উত্তর
১ ক
১০ খ
১১ ক
১২ গ
১৩ ঘ
১৪ ক
১৫ খ
১৬ ঘ
১৭ ক
১৮ ঘ
১৯ ক

VIsionapps10

ব্যাখ্যা সম্বোধন পদের পরে কমা ব্যবহৃত হয়। যেমন—রশিদ, এদিকে এসো। বাক্যের পরিসমাপ্তি বোঝাতে দাঁড়ি (।) ব্যবহৃত হয়। একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোলন (:) ব্যবহৃত হয়। কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে সেমিকোলন (;) বসে।

২০. 'Book Post'-এর পারিভাষিক রূপ কোনটি?
ক ডাকঘর খ খোলা ডাক
গ উপবিধি ঘ লেখস্বত্ব

২১. কোনটি দেশি শব্দের উদাহরণ?
ক লুঙ্গি খ খোকা
গ সম্রাট ঘ গঞ্জ

ব্যাখ্যা 'গঞ্জ' দেশি শব্দ। আরও কয়েকটি দেশি শব্দ—পেট, টোপর, টোকাই, ডাব। 'খোকা' তুর্কি শব্দ, 'সম্রাট' সংস্কৃত শব্দ ও 'লুঙ্গি' ফারসি শব্দ। উল্লেখ্য, 'গঞ্জ' বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুযায়ী ফারসি ও নবম-দশম শ্রেণির বাংলা ভাষার ব্যাকরণ অনুযায়ী দেশি শব্দ।

২২. কোনটি রূপক কর্মধারয় সমাস?
ক কর কমল খ কাল স্রোত
গ কর পল্লব ঘ কচুকাটা

ব্যাখ্যা উপমান ও উপমেয়কে অভিন্ন কল্পনা করে উপমান ও উপমেয় পদের যে সমাস হয় তাকে রূপক কর্মধারয় সমাস বলে। যেমন—কাল রূপ স্রোত = কালস্রোত, জীবন রূপ স্রোত = জীবনস্রোত, মন রূপ মাঝি = মনমাঝি। অন্যদিকে কর কমলের ন্যায় = করকমল, কর পল্লবের ন্যায় = করপল্লব উপমিত কর্মধারয় ও কচুর মতো কাটা = কচুকাটা উপমান কর্মধারয় সমাস।

২৩. 'উষ্ণীষ'-এর শব্দার্থ—
ক অত্যন্ত উষ্ণ খ কুসুম কুসুম উষ্ণ
গ পাগড়ি ঘ শীতের আমেজ

ব্যাখ্যা উষ্ণীষ সংস্কৃত শব্দ; যার অর্থ পাগড়ি, কিরীট।

২৪. 'নাটিকা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ?
ক সমার্থে খ ক্ষুদ্রার্থে
গ বৃহদার্থে ঘ বিপরীতার্থে

ব্যাখ্যা 'নাটিকা' শব্দটি ক্ষুদ্র অর্থে স্ত্রীবাচক শব্দ। ক্ষুদ্রার্থে আরও কয়েকটি স্ত্রীবাচক শব্দ—মালিকা, গীতিকা, পুস্তিকা।

২৫. 'শিরে-সংক্রান্তি' বাগধারাটির অর্থ কী?
ক আসন্ন বিপদ খ মাথা ব্যথা
গ মহাবিপদ ঘ মাথায় বোঝা

২৬. He tried his best. (Negative)
ক He did not try a little.
খ He did not stay unmoved.
গ He left no stone unturned.
ঘ He did not turn all stones.

ব্যাখ্যা He tried his best (সে সর্বোচ্চ চেষ্টা চালালো) এর—negative sentence হলো He left no stone unturned (সে চেষ্টার ত্রুটি করল না।)।

২৭. She was used to — the poor.
ক help খ helped গ helping ঘ to help

ব্যাখ্যা Be used to/get used to-এর পর verb-এর সাথে ing যুক্ত হয়। সুতরাং শূন্যস্থানের জন্য যথাযথ verb form হলো helping।

২৮. Which is the noun of the word 'brief'?
ক briefly খ brevity
গ brieve ঘ but

ব্যাখ্যা 'Brief' (সংক্ষিপ্ত)-এর noun form হলো brevity (সংক্ষিপ্ততা)।

২৯. It was high time we — our habits.
ক Changed খ change
গ had changed ঘ should change

ব্যাখ্যা It is high time/It was high time-এর পর sub আসলে-এর পর verb-এর past form ব্যবহৃত হয়। Change-এর past form হলো changed।

৩০. Curd is made — milk.
ক of খ by গ in ঘ from

ব্যাখ্যা শূন্যস্থানে from বসবে। from বসিয়ে বাক্যটির বাংলা : দুধ থেকে দই তৈরি করা হয়।

৩১. The Headmaster and the President of the school — present in the last meeting.
ক was খ were
গ had been ঘ have been

ব্যাখ্যা Headmaster এবং President-এর পূর্বে the থাকায় পৃথক পৃথক ব্যক্তিকে বোঝাচ্ছে। সুতরাং verb টি plural হবে। Last meeting (গত সভা) থাকাতে বাক্যটি past indefinite tense-এ হবে এবং শূন্যস্থানের were বসবে।

৩২. If he — a human being, he would not have done this.
ক is খ was গ had been ঘ were

ব্যাখ্যা Mixed conditional অনুযায়ী a human being ব্যক্তিটির ক্ষেত্রে এখনো সত্য হওয়ায় if clause টি 2nd conditional-এর গঠন অনুযায়ী হবে। আর result clause টি 3rd conditional এর গঠন অনুযায়ী হবে। সুতরাং শূন্যস্থানে were বসবে।

৩৩. The antonym of the word 'benign' is —.
ক tenfold খ peaceful
গ blessed ঘ malignant

ব্যাখ্যা Benign (বিপজ্জনক বা ঝুঁকিপূর্ণ নয় এমন)-এর antonym হলো malignant (অপকারী, ক্ষতিকর)। অন্যদিকে tenfold অর্থ দশগুণ, peaceful অর্থ শান্তিপূর্ণ আর blessed অর্থ আশীর্বাদপুষ্ট।

উত্তর

২০	খ
২১	ঘ
২২	খ
২৩	গ
২৪	খ
২৫	ক
২৬	গ
২৭	গ
২৮	খ
২৯	ক
৩০	ঘ
৩১	খ
৩২	ঘ
৩৩	ঘ

VIsionapps10

৩৪. Do not — what you can do today.
ⓚ put on ⓛ put to
ⓜ put off ⓝ put left
ব্যাখ্যা *Put off অর্থ স্থগিত রাখা। Put off যোগে বাক্যটির বাংলা : তুমি যা আজ করতে পারবে তা ফেলে রেখো না।*

৩৫. They tell us a tale about a tail. The word 'tale' is —.
ⓚ noun ⓛ verb
ⓜ adjective ⓝ adverb
ব্যাখ্যা *Article এবং preposition-এর মাঝে noun বসে। আর অর্থের দিক থেকেও tale (গল্প, কাহিনি) শব্দটি noun।*

৩৬. Move or die. (Simple)
ⓚ In case of your failure to move, you will die.
ⓛ You move, you will die.
ⓜ If you move, you will die
ⓝ Move and die.
ব্যাখ্যা *Simple বাক্যে একটি মাত্র finite verb (সমাপিকা ক্রিয়া) থাকে। সুতরাং প্রদত্ত বাক্যটির simple form হলো— In case of your failure to move, you will die।*

৩৭. Which one is correct?
ⓚ Omnious ⓛ Extencion
ⓜ Hesitasion ⓝ Mischievous
ব্যাখ্যা *সঠিক বানানযুক্ত word হলো mischievous (অনিষ্টকর, ক্ষতিকর), Omnibus (নানা বিষয় সংবলিত), Extension (প্রসারণ) এবং Hesitation (দ্বিধা)।*

৩৮. The opposite word of 'sluggish' is —
ⓚ animated ⓛ dull
ⓜ heavy ⓝ slow
ব্যাখ্যা *Sluggish (মন্থরগতি, নিষ্ক্রিয়)-এর বিপরীত শব্দ animated (প্রাণবন্ত, প্রাণচঞ্চল)। Dull অর্থ নিরস, heavy অর্থ ভারী আর slow অর্থ মন্থর।*

৩৯. I saw him play. (Passive)
ⓚ He was seen by me play.
ⓛ Play was seen him by me.
ⓜ He was seen playing by me.
ⓝ He was seen to play by me.
ব্যাখ্যা *Bare infinitive যুক্ত বাক্যটির passive voice-এর structure : ob-কে sub + was/were + verb-এর P.P + to + verb-এর base form + by + sub কে ob।*

৪০. 'Boot leg' means to —.
ⓚ distribute ⓛ export
ⓜ import ⓝ smuggle
ব্যাখ্যা *Boot leg (চোরা কারবার বা বেআইনিভাবে মদ চোলাই, বিক্রি, আমদানি-রপ্তানি করা) অর্থ smuggle।*

৪১. While I (play) in the field, I saw a dead cow.
ⓚ playing ⓛ was playing
ⓜ played ⓝ were playing
ব্যাখ্যা *দুটি clause-এর মধ্যে যে clause টির কাজ চলছিল সেই clause টি while দ্বারা শুরু হয় এবং clause টি past tense-এ হলে অপর clause টি past continuous tense-এ হয়। সুতরাং play এর স্থলে was playing হবে সঠিক expression।*

৪২. But for your help I —
ⓚ would have failed ⓛ would fail
ⓜ will fail ⓝ will have failed
ব্যাখ্যা *But for your help অর্থ if you had not helped (যদি তুমি সাহায্য না করতে)। সুতরাং এটি 3rd conditional-এর structure। আর তাই result clause টির structure হবে sub + would have + verb-এর p.p।*

৪৩. Choose the correct sentence :
ⓚ He had been hanged for murder.
ⓛ He has been hunged for murder.
ⓜ He was hanged for murder.
ⓝ He was hunged for murder.
ব্যাখ্যা *Hang (ফাঁসি দেয়া)-এর P.P হলো hanged। সুতরাং past indefinite tense-এর passive structure অনুযায়ী সঠিক বাক্য He was hanged for murder।*

৪৪. I went there to seek a job. (Compound)
ⓚ I went there and seeked a job.
ⓛ I went there so that I could seek a job.
ⓜ I went there for seeking a job.
ⓝ I went there and sought a job.
ব্যাখ্যা *Simple বাক্যকে compound-এ রূপান্তরের ক্ষেত্রে and, or, but ইত্যাদি conjunction ব্যবহৃত হয়। সুতরাং বাক্যটির compound form হলো I went there and sought a job।*

৪৫. Instead of 'confirm' we can say—
ⓚ bear out ⓛ bear on
ⓜ bear to ⓝ bear of
ব্যাখ্যা *Confirm (দৃঢ়ভাবে প্রতিপন্ন করা)-এর পরিবর্তে আমরা বলতে পারি bear out (নিশ্চিত করা; সমর্থন করা)।*

৪৬. What is the antonym of 'abduct'?
ⓚ Take away unlawfully ⓛ Kidnap
ⓜ Restore ⓝ None of them
ব্যাখ্যা *Abduct (অপহরণ করা)-এর বিপরীত শব্দ হলো restore (ফিরিয়ে দেওয়া, ফিরিয়ে আনা)।*

৪৭. The father with his seven daughters — left the house.
ⓚ have ⓛ are
ⓜ has ⓝ was
ব্যাখ্যা *Phrase-এর preposition-এর পরের অংশ বাক্যের subject হতে পারে না। সুতরাং প্রদত্ত বাক্যের sub হলো the father। সুতরাং present perfect tense অনুযায়ী শূন্যস্থানে has বসবে।*

উত্তর

৩৪	গ
৩৫	ক
৩৬	ক
৩৭	ঘ
৩৮	ক
৩৯	ঘ
৪০	ঘ
৪১	খ
৪২	ক
৪৩	গ
৪৪	ঘ
৪৫	ক
৪৬	গ
৪৭	ঘ

VIsionapps10

৪৮. She has no test— music.
ⓚ of ⓛ for ⓜ to ⓝ in
ব্যাখ্যা Test-এর স্থলে taste হবে। Taste for something অর্থ কোনো কিছুর পছন্দ বা রুচি। For যোগে বাক্যটির বাংলা : সঙ্গীতে তার কোনো রুচি নেই।

৪৯. কর্তৃপক্ষ তাকে তিরস্কার করল।
ⓚ The authority criticised him.
ⓛ The authority took him to task.
ⓜ The authority took him to book.
ⓝ The authority gave reins to him.
ব্যাখ্যা Take somebody to task অর্থ কাউকে তিরস্কার করা। সুতরাং প্রদত্ত বাক্যের সঠিক ইংরেজি : The authority took him to task.

৫০. সে নদীর কাছে এক কুটিরে বাস করত।
ⓚ He lived a hut close with river.
ⓛ He lived in a hut close at the river.
ⓜ He lived in a hut close to the river.
ⓝ He lived in a hut close by the river.
ব্যাখ্যা Close to something অর্থ কোনো কিছুর নিকটে। আর কুটিরের ইংরেজি in a hut। সুতরাং প্রদত্ত বাক্যটির ইংরেজি : He lived in a hut close to the river.

৫১. নিচের কোনটি অমূলদ সংখ্যা ?
ⓚ 1.111..... ⓛ 1.1010101.....
ⓜ 1.1001001001..... ⓝ 1.1010010001.....
ব্যাখ্যা ক, খ, গ কে পৌনঃপুনিকে প্রকাশ করা যায়। যা মূলদ সংখ্যা প্রকাশ করে।
এখানে, (ক) 1.111 ..... $= 1.\dot{1}$
(খ) 1.1010101 ..... $= 1.\dot{1}\dot{0}$
(গ) 1.1001001001 ..... $= 1.\dot{1}\dot{0}\dot{0}$

৫২. কোনো সামান্তরিকের একটি কোণ সমকোণ হলে তা একটি—
ⓚ বর্গ ⓛ রম্বস
ⓜ ট্রাপিজিয়াম ⓝ আয়তক্ষেত্র
ব্যাখ্যা সামান্তরিককে আয়তক্ষেত্রে রূপান্তরের একটিই শর্ত হচ্ছে যে, এর যে কোনো একটি কোণকে সমকোণ করা। কারণ, সামান্তরিক ও আয়তের বিপরীত বাহুগুলো সমান ও সমান্তরাল।

৫৩. p = a × b হলে এবং a ও b উভয়কে একত্রে ১০% বৃদ্ধি করা হলে p-এর মান শতকরা কত বৃদ্ধি পাবে?
ⓚ ১৫% ⓛ ২০%
ⓜ ২১% ⓝ ২৫%
ব্যাখ্যা ১০% বৃদ্ধি করলে a ও b এর নতুন মান হবে ১.১a ও ১.১b
তাহলে, P = ১.১a × ১.১b
= ১.২১ ab
P-এর মান বৃদ্ধি পায়, ১.২১ ab − ab = 0.২১ ab
অতএব, শতকরা বৃদ্ধি পাবে $= \frac{0.২১ab \times ১০০\%}{ab}$
= ২১%

৫৪. $\frac{\ln x}{x-1}$ এর মান নির্ণয়ের ক্ষেত্রে নিচের কোন শর্তটি প্রযোজ্য?
ⓚ x > 0 এবং x ≠ 1 ⓛ x ≥ 0 এবং x ≠ 1
ⓜ x > 0 অথবা x ≠ 1 ⓝ x ≥ 0 অথবা x ≠ 1
ব্যাখ্যা lnx-এর শর্ত হচ্ছে x > 0
আবার কোনো ভগ্নাংশের হর শূন্য হতে পারে না। তাই দুটি শর্তই পূরণ করতে হবে।

৫৫. ৬টি কাঠির গড় দৈর্ঘ্য ৪৪.২ সেমি এবং এদের ৫ টির গড় দৈর্ঘ্য ৪৬ সেমি। ৬ষ্ঠ কাঠিটির দৈর্ঘ্য কত সেমি?
ⓚ ৩৫.১ ⓛ ৩৫.২
ⓜ ৩৫.৩ ⓝ ৩৫.৪
ব্যাখ্যা ৬ টি কাঠির মোট দৈর্ঘ্য = (৪৪.২ × ৬) সেমি
= ২৬৫.২ সেমি
আবার, ৫টি কাঠির মোট দৈর্ঘ্য = (৪৬ × ৫) সেমি
= ২৩০ সেমি
∴ ৬ষ্ঠ কাঠিটির দৈর্ঘ্য = (২৬৫.২ − ২৩০) সেমি
= ৩৫.২ সেমি
Short Technique : (৪৪.২ × ৬) − (৪৬ × ৫)
= ৩৫.২ সেমি

৫৬. ২৫% লাভে কোনো জিনিস ১৫ টাকায় বিক্রয় করলে বিক্রেতার কত টাকা লাভ হবে?
ⓚ ২ ⓛ ৩
ⓜ ৪ ⓝ ৫
ব্যাখ্যা ২৫% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ২৫) টাকা
= ১২৫ টাকা
∴ ক্রয়মূল্য $= \frac{১০০ \times ১৫}{১২৫} = ১২$ টাকা
লাভ = (১৫ − ১২) টাকা
= ৩ টাকা

৫৭. নিচের কোনটি $x^3 - 6x^2 + 11x - 6$ এর উৎপাদক নয়?
ⓚ x − 1 ⓛ x − 2
ⓜ x − 3 ⓝ x − 4
ব্যাখ্যা $x^3 - 6x^2 + 11x - 6$
$= (x)^3 - 3.(x)^2.2 + 3.x.(2)^2 - (2)^3 - x + 2$
$= (x-2)^3 - 1(x-2)$
$= (x-2)\{(x-2)^2 - 1\}$
$= (x-2)\{(x-2+1)(x-2-1)\}$
$= (x-2)(x-1)(x-3)$
অতএব (x − 4) উৎপাদক নয়।

উত্তর

৪৮	খ
৪৯	খ
৫০	গ
৫১	ঘ
৫২	ঘ
৫৩	গ
৫৪	ক
৫৫	খ
৫৬	খ
৫৭	ঘ

VIsionapps10

৫৮. $a \le b$ এবং $b \le a$ হলে নিচের কোনটি সত্য?

ক $a<b$ খ $a>b$ গ $a=b$ ঘ $a \neq b$

ব্যাখ্যা $a<b$ সম্ভব না, কারণ $b \le a$

$a>b$ " " কারণ $a \le b$

$a \neq b$ " " কারণ $a \le b, b \le a$

সুতরাং $a=b$ হবে, কারণ $a \le b$ এবং $b \le a$

৫৯. 2 সেমি ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের কেন্দ্র হতে ৫ সেমি দূরের কোনো বিন্দু হতে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য কত সেমি?

ক 4.58 খ 5.38

গ 3 ঘ 5

ব্যাখ্যা



আমরা জানি, $OB \perp AB$

$\therefore$ স্পর্শক $AB = \sqrt{OA^2 - OB^2}$

$= \sqrt{5^2 - 2^2}$

$= \sqrt{25-4}$

$= \sqrt{21}$

$= 4.582576$

৬০. সাতটি সরলরেখার দৈর্ঘ্য যথাক্রমে 1, 2, 3, 4, 5, 6 ও 7 সেমি। কয়টি ক্ষেত্রে এদের চারটি বাহু দিয়ে চতুর্ভুজ অঙ্কন সম্ভব নয়?

ক 2 খ 3

গ 4 ঘ 5

ব্যাখ্যা চতুর্ভুজের যে কোনো তিন বাহুর সমষ্টি অপর বাহু অপেক্ষা বৃহত্তর হবে।

এখানে, $1+2+3=6<7$

$1+2+4=7=7$

$1+2+3=6=6$

এই তিনক্ষেত্রে চতুর্ভুজ হবে না।

৬১. নিচের কোনটি বৃত্তস্থ চতুর্ভুজ হয় না?

ক বর্গ খ আয়ত

গ ট্রাপিজিয়াম ঘ রম্বস

ব্যাখ্যা



ABCD রম্বসটি বৃত্তস্থ নয়।

৬২. $\sin\left(\frac{9\pi}{2}+\theta\right) = ?$

ক $\sin\theta$ খ $-\sin\theta$

গ $\cos\theta$ ঘ $-\cos\theta$

ব্যাখ্যা $\sin\left(9\frac{\pi}{2}+\theta\right) = \cos\theta$

কারণ, $\frac{\pi}{2}$ এর গুণিতক হচ্ছে 9 যা বিজোড়। অতএব, sin হয়ে যাবে cos। আবার $9\frac{\pi}{2}$ যা দ্বিতীয় চতুর্ভাগ নির্দেশ করে।

৬৩. কোনো ত্রিভুজের শীর্ষবিন্দুগুলো দিয়ে অঙ্কিত বৃত্তটির কেন্দ্রকে বলে—

ক অন্তঃকেন্দ্র খ পরিকেন্দ্র

গ লম্বকেন্দ্র ঘ ভরকেন্দ্র

ব্যাখ্যা কোনো ত্রিভুজের শীর্ষবিন্দু দিয়ে অঙ্কিত বৃত্তকে বলে পরিবৃত্ত এবং কেন্দ্রকে বলে পরিকেন্দ্র।

৬৪. $\tan\theta = \frac{a}{b}$ হলে নিচের কোনটি সত্য?

ক $\sin\theta = \frac{b}{a^2+b^2}$ খ $\cos\theta = \frac{a}{\sqrt{a^2+b^2}}$

গ $\sec\theta = \frac{\sqrt{a^2+b^2}}{a}$ ঘ $\operatorname{cosec}\theta = \frac{\sqrt{a^2+b^2}}{a}$

ব্যাখ্যা



দেয়া আছে, $\tan\theta = \frac{a}{b}$

$\therefore \sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}} = \frac{a}{\sqrt{a^2+b^2}}$

$\therefore \operatorname{cosec}\theta = \frac{\sqrt{a^2+b^2}}{a}$

৬৫. $ax^2 + b$ এর মান $x = 1$ হলে 1 এবং $x = 3$ হলে 25 হয়। $x = 2$ হলে এর মান কত?

ক 5 খ 10

গ 15 ঘ 20

ব্যাখ্যা $a.1^2 + b = 1 \Rightarrow a + b = 1$ ..... (i)

$a.3^2 + b = 25 \Rightarrow 9a + b = 25$ ..... (ii)

(i) নং ও (ii) নং সমাধান করে পাই $a = 3, b = -2$

$\therefore$ ফাংশনটি হবে, $f(x) = 3x^2 - 2$

$\Rightarrow f(2) = 3.2^2 - 2 = 10$

৬৬. $\text{Log}_{10}(0.001) =$ কত?

ক 3 খ -3

গ $\frac{1}{3}$ ঘ $-\frac{1}{3}$

উত্তর

৫৮	গ
৫৯	ক
৬০	খ
৬১	ঘ
৬২	গ
৬৩	খ
৬৪	ঘ
৬৫	খ
৬৬	খ

VIsionapps10

(ব্যাখ্যা) $\log_{10}(0.001)$

$= \log_{10}\frac{1}{1000} = \log_{10}\frac{1}{10^3} = \log_{10}10^{-3}$

$= -3\log_{10}10$

$= -3 \times 1$

$= -3$

৬৭. a^2-3a, a^3-9a এবং a^3-4a^2+3a এর গ. সা. গু = ?

ⓚ $a(a-3)$ ⓛ $a-3$ ⓜ a ⓝ $a(a+3)$

(ব্যাখ্যা) ১ম রাশি : a^2-3a

$= a(a-3)$

২য় রাশি : a^3-9a

$= a(a^2-9)$

$= a(a+3)(a-3)$

৩য় রাশি : a^3-4a^2+3a

$= a(a^2-4a+3)$

$= a(a^2-3a-a+3)$

$= a\{a(a-3)-1(a-3)\}$

$= a(a-3)(a-1)$

$\therefore$ গ. সা. গু. $= a(a-3)$

৬৮. একটি বর্গক্ষেত্রের পরিসীমা এর কর্ণের দৈর্ঘ্যের কত গুণ?

ⓚ $\frac{\sqrt{2}}{2}$ ⓛ $\sqrt{2}$ ⓜ $2\sqrt{2}$ ⓝ 2

(ব্যাখ্যা) বর্গের বাহুর দৈর্ঘ্য, a একক হলে, পরিসীমা $= 4a$ একক এবং কর্ণ $= \sqrt{a^2+a^2} = a\sqrt{2}$ একক

$\therefore \frac{\text{পরিসীমা}}{\text{কর্ণ}} = \frac{4a}{a\sqrt{2}}$

$= \frac{2\times2}{\sqrt{2}}$

$= \frac{2\times\sqrt{2}\times\sqrt{2}}{\sqrt{2}}$

$= 2\sqrt{2}$

৬৯. চতুর্ভুজের চার কোণের অনুপাত 1 : 2 : 2 : 3 হলে বৃহত্তম কোণের পরিমাণ কত হবে?

ⓚ 90° ⓛ 135° ⓜ 175° ⓝ 210°

(ব্যাখ্যা) কোণগুলোর সমষ্টি $= 360°$

$\Rightarrow x+2x+2x+3x = 360°$

$\Rightarrow 8x = 360°$

$\Rightarrow x = 45°$

$\therefore$ বৃহত্তম কোণ $= 3x = 3\times45° = 135°$

৭০. যদি 12 সদস্যবিশিষ্ট কোনো কমিটির সদস্যের মধ্যে 9 জন মহিলা হয়, তবে সদস্যদের মধ্যে শতকরা কত জন পুরুষ?

ⓚ 25% ⓛ 40%

ⓜ 15% ⓝ 20%

(ব্যাখ্যা) 12 জনের মধ্যে মহিলা 9 জন

$\therefore 1$ " " " $\frac{9}{12}$ "

$\therefore 100$ " " " $\frac{9\times100}{12} = 75$ জন

$\therefore$ পুরুষ $= (100-75) = 25\%$

৭১. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 12, 15, 20 ও 25 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 11 অবশিষ্ট থাকে?

ⓚ 411 ⓛ 111 ⓜ 211 ⓝ 311

(ব্যাখ্যা)

2	12, 15, 20, 25
2	6, 15, 10, 25
5	3, 15, 5, 25
3	3, 3, 1, 5
	1, 1, 1, 5

ল. সা. গু. $= 2\times2\times5\times3\times5 = 300$

$\therefore$ সংখ্যাটি হবে $= 300+11 = 311$

৭২. যদি $x+\frac{1}{x} = -5$ হয়, তবে $\frac{x}{x^2+x+1}$ এর মান কত?

ⓚ $\frac{1}{4}$ ⓛ 4 ⓜ -4 ⓝ $-\frac{1}{4}$

(ব্যাখ্যা) $x+\frac{1}{x} = -5$

$\Rightarrow x^2+1 = -5x$

$\therefore \frac{x}{x^2+x+1}$

$= \frac{x}{x^2-1-x}$

$= \frac{x}{-5x-x}$

$= \frac{x}{-4x}$

$= -\frac{1}{4}$

৭৩. 80-এর 75%-এর 25% = কত?

ⓚ 10 ⓛ 15 ⓜ 20 ⓝ 25

(ব্যাখ্যা) $80\times\frac{75}{100}\times\frac{25}{100} = 15$

৭৪. কোনো ভগ্নাংশের লবের সাথে 1 যোগ করলে $\frac{1}{2}$ হয় এবং হরের সাথে 1 যোগ করলে তা $\frac{1}{3}$ হয়, ভগ্নাংশটি = কত?

ⓚ $\frac{2}{7}$ ⓛ $\frac{1}{8}$ ⓜ $\frac{3}{8}$ ⓝ $\frac{3}{5}$

(ব্যাখ্যা) ধরি, লব x এবং হর y

$\therefore \frac{x+1}{y} = \frac{1}{2}$ ..... (i)

$\frac{x}{y+1} = \frac{1}{3}$ ..... (ii)

সমাধান করে, $x = 3, y = 8$ $\therefore$ ভগ্নাংশ $= \frac{3}{8}$

উত্তর

৬৭	ক
৬৮	গ
৬৯	খ
৭০	ক
৭১	ঘ
৭২	ঘ
৭৩	খ
৭৪	গ

VIsionapps10

(ব্যাখ্যা) $\log_{10}(0.001)$

$= \log_{10}\frac{1}{1000} = \log_{10}\frac{1}{10^3} = \log_{10}10^{-3}$

$= -3\log_{10}10$

$= -3 \times 1$

$= -3$

৬৭. a^2-3a, a^3-9a এবং a^3-4a^2+3a এর গ. সা. গু = ?

ⓚ $a(a-3)$ ⓛ $a-3$ ⓜ a ⓝ $a(a+3)$

(ব্যাখ্যা) ১ম রাশি : a^2-3a

$= a(a-3)$

২য় রাশি : a^3-9a

$= a(a^2-9)$

$= a(a+3)(a-3)$

৩য় রাশি : a^3-4a^2+3a

$= a(a^2-4a+3)$

$= a(a^2-3a-a+3)$

$= a\{a(a-3)-1(a-3)\}$

$= a(a-3)(a-1)$

$\therefore$ গ. সা. গু. $= a(a-3)$

৬৮. একটি বর্গক্ষেত্রের পরিসীমা এর কর্ণের দৈর্ঘ্যের কত গুণ?

ⓚ $\frac{\sqrt{2}}{2}$ ⓛ $\sqrt{2}$ ⓜ $2\sqrt{2}$ ⓝ 2

(ব্যাখ্যা) বর্গের বাহুর দৈর্ঘ্য, a একক হলে, পরিসীমা $= 4a$ একক এবং কর্ণ $= \sqrt{a^2+a^2} = a\sqrt{2}$ একক

$\therefore \frac{\text{পরিসীমা}}{\text{কর্ণ}} = \frac{4a}{a\sqrt{2}}$

$= \frac{2\times2}{\sqrt{2}}$

$= \frac{2\times\sqrt{2}\times\sqrt{2}}{\sqrt{2}}$

$= 2\sqrt{2}$

৬৯. চতুর্ভুজের চার কোণের অনুপাত 1 : 2 : 2 : 3 হলে বৃহত্তম কোণের পরিমাণ কত হবে?

ⓚ 90° ⓛ 135° ⓜ 175° ⓝ 210°

(ব্যাখ্যা) কোণগুলোর সমষ্টি $= 360°$

$\Rightarrow x+2x+2x+3x = 360°$

$\Rightarrow 8x = 360°$

$\Rightarrow x = 45°$

$\therefore$ বৃহত্তম কোণ $= 3x = 3\times45° = 135°$

৭০. যদি 12 সদস্যবিশিষ্ট কোনো কমিটির সদস্যের মধ্যে 9 জন মহিলা হয়, তবে সদস্যদের মধ্যে শতকরা কত জন পুরুষ?

ⓚ 25% ⓛ 40%

ⓜ 15% ⓝ 20%

(ব্যাখ্যা) 12 জনের মধ্যে মহিলা 9 জন

$\therefore 1$ " " " $\frac{9}{12}$ "

$\therefore 100$ " " " $\frac{9\times100}{12} = 75$ জন

$\therefore$ পুরুষ $= (100-75) = 25\%$

৭১. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 12, 15, 20 ও 25 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 11 অবশিষ্ট থাকে?

ⓚ 411 ⓛ 111 ⓜ 211 ⓝ 311

(ব্যাখ্যা)

2	12, 15, 20, 25
2	6, 15, 10, 25
5	3, 15, 5, 25
3	3, 3, 1, 5
	1, 1, 1, 5

ল. সা. গু. $= 2\times2\times5\times3\times5 = 300$

$\therefore$ সংখ্যাটি হবে $= 300+11 = 311$

৭২. যদি $x+\frac{1}{x} = -5$ হয়, তবে $\frac{x}{x^2+x+1}$ এর মান কত?

ⓚ $\frac{1}{4}$ ⓛ 4 ⓜ -4 ⓝ $-\frac{1}{4}$

(ব্যাখ্যা) $x+\frac{1}{x} = -5$

$\Rightarrow x^2+1 = -5x$

$\therefore \frac{x}{x^2+x+1}$

$= \frac{x}{x^2-1-x}$

$= \frac{x}{-5x-x}$

$= \frac{x}{-4x}$

$= -\frac{1}{4}$

৭৩. 80-এর 75%-এর 25% = কত?

ⓚ 10 ⓛ 15 ⓜ 20 ⓝ 25

(ব্যাখ্যা) $80\times\frac{75}{100}\times\frac{25}{100} = 15$

৭৪. কোনো ভগ্নাংশের লবের সাথে 1 যোগ করলে $\frac{1}{2}$ হয় এবং হরের সাথে 1 যোগ করলে তা $\frac{1}{3}$ হয়, ভগ্নাংশটি = কত?

ⓚ $\frac{2}{7}$ ⓛ $\frac{1}{8}$ ⓜ $\frac{3}{8}$ ⓝ $\frac{3}{5}$

(ব্যাখ্যা) ধরি, লব x এবং হর y

$\therefore \frac{x+1}{y} = \frac{1}{2}$ ..... (i)

$\frac{x}{y+1} = \frac{1}{3}$ ..... (ii)

সমাধান করে, $x = 3, y = 8$ $\therefore$ ভগ্নাংশ $= \frac{3}{8}$

উত্তর

৬৭	ক
৬৮	গ
৬৯	খ
৭০	ক
৭১	ঘ
৭২	ঘ
৭৩	খ
৭৪	গ

VIsionapps10

৭৫. ব্যাসার্ধ তিনগুণ বৃদ্ধি করলে এর ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?
ⓚ 4 ⓛ 9 ⓜ 12 ⓝ 16

ব্যাখ্যা ব্যাসার্ধ, $r = \frac{d}{2} \Rightarrow$ ক্ষেত্রফল $= \pi\left(\frac{d}{2}\right)^2 = \frac{1}{4}\pi d^2$

$\therefore$ আবার, ব্যাস তিনগুণ হলে, $r = \frac{3d}{2}$

$\Rightarrow$ ক্ষেত্রফল $= \pi\left(\frac{3d}{2}\right)^2$

$= 9.\frac{1}{4}\pi d^2$

$\therefore$ ক্ষেত্রফল বৃদ্ধি পাবে $= \frac{9.\frac{1}{4}\pi d^2}{\frac{1}{4}\pi d^2} = 9$ গুণ।

৭৬. বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম কী?
ⓚ পুণ্ড্র ⓛ তাম্রলিপ্ত
ⓜ গৌড় ⓝ হরিকেল

ব্যাখ্যা পুণ্ড্রনগর বাংলাদেশের প্রাচীনতম নগরকেন্দ্র। এর প্রাচীনত্ব খ্রিষ্টপূর্ব চার শতকের বলে ধরে নেওয়া হয়। এটি বগুড়া জেলার মহাস্থানগড়ে অবস্থিত।

৭৭. বাঙালি জাতির প্রধান অংশ কোন মূল জাতিগোষ্ঠীর অন্তর্ভুক্ত?
ⓚ দ্রাবিড় ⓛ নেগ্রিটো
ⓜ ভোট চীন ⓝ অস্ট্রিক

ব্যাখ্যা নৃ-বিজ্ঞানীদের মতে, পৃথিবীর চারটি প্রধান নৃ-গোষ্ঠীর আগমন ঘটেছে বাংলায়। এদের মধ্যে অস্ট্রিক জাতি থেকেই বাঙালি জাতির উদ্ভব ঘটেছে।

৭৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৬ দফা ঘোষণা করা হয় ১৯৬৬ সালের—
ⓚ জানুয়ারি মাসে ⓛ ফেব্রুয়ারি মাসে
ⓜ জুলাই মাসে ⓝ আগস্ট মাসে

ব্যাখ্যা বাংলাদেশের ম্যাগনাকার্টা খ্যাত ছয় দফা ৫-৬ ফেব্রুয়ারি ১৯৬৬ লাহোরের বিরোধী দলসমূহের সভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উত্থাপন করেন।

৭৯. 'সংগ্রাম ও 'প্রত্যাশা' কী?
ⓚ ধানের প্রজাতি ⓛ পাখির প্রজাতি
ⓜ বাংলাদেশ নৌবাহিনীর দুটি যুদ্ধ জাহাজ
ⓝ বাংলাদেশ বিমান বাহিনীর দুটি যুদ্ধ বিমান

ব্যাখ্যা সংগ্রাম (F-113) ও প্রত্যাশা (F-114) চীনে নির্মিত বাংলাদেশ নৌবাহিনীর অত্যাধুনিক দুটি যুদ্ধ জাহাজের নাম।

৮০. AIDS রোগের জন্য নিচের কোন ভাইরাসটি দায়ী?
ⓚ SARS ⓛ র‍্যাবিস
ⓜ HIV ⓝ ইবোলা

ব্যাখ্যা AIDS-এর পূর্ণরূপ Acquired Immune Deficiency Syndrome। HIV (Human Immunodeficiency Virus) নামক ভাইরাসের সংক্রমণে এই রোগ হয়। HIV একটি RNA ভাইরাস।

৮১. কোথায় প্রথম বিশ্ব নারী সম্মেলন অনুষ্ঠিত হয়?
ⓚ কোপেনহেগেন ⓛ কেনিয়া ⓜ বেইজিং ⓝ মেক্সিকো

৮২. মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন?
ⓚ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ⓛ তাজউদ্দীন আহমদ
ⓜ সৈয়দ নজরুল ইসলাম ⓝ খন্দকার মোশতাক আহমদ

ব্যাখ্যা মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বঙ্গবন্ধুর অনুপস্থিতিতে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন সৈয়দ নজরুল ইসলাম (উপ-রাষ্ট্রপতি)। তাজউদ্দীন আহমদ ও খন্দকার মোশতাক আহমদ ছিলেন যথাক্রমে প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী।

৮৩. ইউনেস্কোর কততম সম্মেলনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়?
ⓚ ৩১তম ⓛ ৩২তম ⓜ ৩৩তম ⓝ ৩৪তম
[Note : UNESCO এর ৩০তম সম্মেলনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষার স্বীকৃতি দেয়া হয়।]

৮৪. দুর্যোগ ব্যবস্থাপনায় সাফল্যের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কোন সংস্থা পুরস্কৃত করে?
ⓚ EU ⓛ IDB ⓜ ADB ⓝ IFRC

ব্যাখ্যা ২০১৬ সালে দুর্যোগ ব্যবস্থাপনায় অসাধারণ সাফল্যের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশেষ সম্মাননা সার্টিফিকেট ও ক্রেস্ট দিয়েছে ইন্টারন্যাশনাল ফেডারেশন অব রেডক্রস অ্যান্ড রেডক্রিসেন্ট সোসাইটি (IFRC)।

৮৫. 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' এর উৎক্ষেপণ দ্বারা বাংলাদেশ বিশ্বের কততম স্যাটেলাইট দেশ হিসেবে আত্মপ্রকাশ করে?
ⓚ ৩৭তম ⓛ ৪৭তম ⓜ ৫৭তম ⓝ ৬৭তম

ব্যাখ্যা ১১ মে ২০১৮ যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশের প্রথম স্যাটেলাইট বঙ্গবন্ধু-১ উৎক্ষেপণের মাধ্যমে বাংলাদেশ বিশ্বে স্যাটেলাইট ক্লাবের ৫৭তম সদস্য দেশ হিসেবে আত্মপ্রকাশ করে।

৮৬. ২০১৯ সালের সার্ক সাহিত্য পুরস্কার লাভ করেন কে?
ⓚ সেলিনা হোসেন ⓛ শামসুর রাহমান
ⓜ অধ্যাপক আনিসুজ্জামান ⓝ ফকরুল আলম

ব্যাখ্যা ফাউন্ডেশন অব সার্ক রাইটার্স এন্ড লিটারেচার ২০০১ সাল থেকে সার্ক সাহিত্য পুরস্কার প্রদান করে। প্রথম সার্ক সাহিত্য পুরস্কার লাভ করেন কবি শামসুর রাহমান। ২০১৯ সালে সার্ক সাহিত্য পুরস্কার লাভ করেন অধ্যাপক আনিসুজ্জামান।

৮৭. বিশ্ব মানবাধিকার দিবস কবে?
ⓚ ৮ মার্চ ⓛ ৫ অক্টোবর
ⓜ ১০ ডিসেম্বর ⓝ ২৪ সেপ্টেম্বর

ব্যাখ্যা ১০ ডিসেম্বর ১৯৪৮ জাতিসংঘের সাধারণ পরিষদে মানবাধিকারের সর্বজনীন ঘোষণাপত্র গৃহীত হয়। সেজন্যই ১৯৫০ সালে থেকে ১০ ডিসেম্বরকে বিশ্ব মানবাধিকার দিবস হিসেবে ঘোষণা করা হয়। ৮ মার্চ, ৫ অক্টোবর যথাক্রমে বিশ্ব নারী দিবস ও বিশ্ব শিক্ষক দিবস।

উত্তর

৭৫	খ
৭৬	ক
৭৭	গ
৭৮	খ
৭৯	গ
৮০	গ
৮১	গ
৮২	ক
৮৩	Note
৮৪	ঘ
৮৫	গ
৮৬	গ
৮৭	গ

VIsionapps10

৮৮. SMS-এর পূর্ণরূপ কী?
ⓐ Short Message Service ⓑ Short Mail Service
ⓒ Simple Message Service ⓓ Simple Mail Service
ব্যাখ্যা SMS-এর পূর্ণরূপ—Short Message Service। এই মেসেজ ট্রান্সফার সার্ভিসে সর্বোচ্চ ১৬০টি অক্ষর ব্যবহার করা যায়।

৮৯. বিগ অ্যাপেল কোন শহরের নাম?
ⓐ নতুন দিল্লি ⓑ ইসলামাবাদ
ⓒ নিউইর্য়ক ⓓ শিকাগো
ব্যাখ্যা বিগ অ্যাপেল বা অ্যাপলিকের শহর নিউইয়র্ক, ভারতের রোম হিসেবে খ্যাত দিল্লি। উদ্যানের শহর, বাতাসের শহর, পৃথিবীর রকাইখানা হিসেবে পরিচিত শিকাগো (যুক্তরাষ্ট্র)।

৯০. IMF-এর সদর দপ্তর কোথায়?
ⓐ ওয়াশিংটন ডিসি ⓑ নিউইয়র্ক
ⓒ জেনেভা ⓓ রোম
ব্যাখ্যা ১৯৪৪ সালের জুলাই মাসের ব্রেটন উডস সম্মেলনের ফলাফল হিসেবে সৃষ্ট IMF (International Monetary Fund)-এর সদর দপ্তর অবস্থিত যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি'তে।

৯১. শ্রীলঙ্কার মুদ্রার নাম কী?
ⓐ ডলার ⓑ পাউন্ড ⓒ টাকা ⓓ রুপি
ব্যাখ্যা ভারত, পাকিস্তান, নেপাল ও শ্রীলঙ্কার মুদ্রার নাম রুপি। ইন্দোনেশিয়া ও মালদ্বীপের মুদ্রার নাম রুপিয়া।

৯২. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?
ⓐ জয়নুল আবেদিন ⓑ কামরুল হাসান
ⓒ হামিদুর রহমান ⓓ হাশেম খান
ব্যাখ্যা বাংলাদেশের জাতীয় পতাকা ও জাতীয় প্রতীকের ডিজাইনার শিল্পী কামরুল হাসান। শহিদ মিনারের স্থপতি হামিদুর রহমান।

৯৩. UNESCO বাংলাদেশের কোন ধরনের গানকে Heritage of Humanity (মানবতার ধারক) হিসেবে আখ্যায়িত করেছে?
ⓐ কবি গান ⓑ বাউল গান
ⓒ লালন গীতি ⓓ ভাওয়াইয়া
ব্যাখ্যা বাংলাদেশের ৪টি অধরা সাংস্কৃতিক ঐতিহ্য আছে। যথা—বাউল সঙ্গীত, জামদানি, পহেলা বৈশাখের মঙ্গল শোভাযাত্রা ও শীতলপাটির বুনন পদ্ধতি। এর মধ্যে বাউল সঙ্গীতকে UNESCO মানবতার ধারক হিসেবে আখ্যা দেয়।

৯৪. বাংলাদেশের সবচেয়ে বড় প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র কোনটি?
ⓐ হালদা নদী ⓑ চলন বিল
ⓒ পদ্মা নদী ⓓ মেঘনা নদী
ব্যাখ্যা বাংলাদেশের সবচেয়ে বড় প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র হলো হালদা নদী। এর উৎপত্তি খাগড়াছড়ির বদনাতলী এবং এটি চট্টগ্রামের কয়েকটি উপজেলা ঘুরে প্রবাহিত হয়েছে। প্রতিবছর একটি বিশেষ মুহূর্তে এই নদীতে রুই, কাতলা, মৃগেল ও কার্প জাতীয় মাছ প্রচুর ডিম ছাড়ে। তাই একে প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র বলা হয়।

৯৫. নাগরিকের প্রধান কর্তব্য হলো—
ⓐ রাষ্ট্রের সেবা করা ⓑ রাষ্ট্রের আইন মেনে চলা
ⓒ নিয়মিত কর প্রদান করা ⓓ রাষ্ট্রে প্রতি আনুগত্য প্রকাশ করা
ব্যাখ্যা নাগরিকের প্রধান কর্তব্য হলো রাষ্ট্রের আইন মান্য করা।

৯৬. প্রকৃতিতে সবচেয়ে বেশি পাওয়া যায় কোন ধাতু?
ⓐ লোহা ⓑ দস্তা
ⓒ পটাশিয়াম ⓓ অ্যালুমিনিয়াম
ব্যাখ্যা অ্যালুমিনিয়াম ধাতুকে মুক্ত অবস্থায় প্রকৃতির মধ্যে পাওয়া যায় না। যৌগরূপে এই ধাতুকে প্রকৃতির মধ্যে প্রচুর পরিমাণে পাওয়া যায়। ভূ-পৃষ্ঠের সব ধাতুর মধ্যে অ্যালুমিনিয়ামের পরিমাণ সবচেয়ে বেশি, প্রায় ৭% – ৮%।

৯৭. গাড়ির ব্যাটারিতে ব্যবহৃত এসিড কোনটি?
ⓐ HNO_3 ⓑ HC ⓒ H_2SO_4 ⓓ H_3FO_4
ব্যাখ্যা লেড এসিড ব্যাটারিতে ব্যবহৃত হয় সিসা এবং লেড অক্সাইডের সাথে ৩৫% সালফিউরিক এসিড ও ৬৫% পানির মিশ্রণ থেকে। এসিড-পানির এই মিশ্রণটিকে বলে ইলেকট্রোলাইট যা রাসায়নিক বিক্রিয়ায় ইলেকট্রন তৈরি করে। গাড়ির ব্যাটারিতে H_2SO_4 এসিড ব্যবহৃত হয়।

৯৮. ফোকেটিং (Folketing) কোন দেশের আইনসভা?
ⓐ বেলজিয়াম ⓑ নরওয়ে
ⓒ ফিনল্যান্ড ⓓ ডেনমার্ক
ব্যাখ্যা ফোকেটিং (Folketing) হলো ডেনমার্কের আইনসভার নাম। বেলজিয়াম, নরওয়ে ও ফিনল্যান্ডের আইনসভা যথাক্রমে—ফেডারেল পার্লামেন্ট, ষ্টরটিং ও এডুসকুন্তা।

৯৯. বাণিজ্যিকভাবে মৌমাছি পালনকে কী বলে?
ⓐ পিসিকালচার ⓑ এপিকালচার
ⓒ মেরিকালচার ⓓ সেরিকালচার
ব্যাখ্যা মৌমাছি পালন (Apiculture) : এ শাখায় বিজ্ঞানসম্মত উপায়ে মৌমাছি প্রতিপালন, মধু উৎপাদন এবং মোম নিষ্কাশন সম্বন্ধে আলোচনা করা হয়।
মৎস্য চাষ (Pisciculture) : পুকুর, ঝিল, খাল-বিল, নদ-নদী, সমুদ্র জলাধার প্রভৃতি জলাশয়ে বৈজ্ঞানিক উপায়ে মাছ চাষ এবং সুষ্ঠু সংরক্ষণ সম্বন্ধে আলোচনা পিসিকালচার শাখার প্রধান বিষয়বস্তু।
রেশম চাষ (Sericulture) : বিজ্ঞানসম্মত উপায়ে রেশম মথ প্রতিপালন, সংরক্ষণ ও রেশম উৎপাদন সেরিকালচার শাখার মূল প্রতিপাদ্য বিষয়।

১০০. কোনটি স্থানীয় সরকার নয়?
ⓐ পৌরসভা ⓑ পল্লী বিদ্যুৎ
ⓒ সিটি কর্পোরেশন ⓓ উপজেলা পরিষদ
ব্যাখ্যা বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা ৫ স্তর বিশিষ্ট। শহরাঞ্চলে ২ স্তর ও গ্রামাঞ্চলে ৩ স্তর বিশিষ্ট। শহরে—সিটি কর্পোরেশন ও পৌরসভা। গ্রামাঞ্চলে ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ ও জেলা পরিষদ।

উত্তর

৮৮	ক
৮৯	গ
৯০	ক
৯১	ঘ
৯২	খ
৯৩	খ
৯৪	ক
৯৫	খ
৯৬	ঘ
৯৭	গ
৯৮	ঘ
৯৯	ঘ
১০০	খ

VIsionapps10